

**প্রশ্ন ৪৫** অজন্তা কোথায় অবস্থিত? এই স্থান বিখ্যাত কেন?

উত্তর। পশ্চিমভারতের মহারাষ্ট্রে অবস্থিত।

• গুপ্তরাজাদের শাসনকালে অজন্তায় গুহামন্দির নির্মাণ করা হয় এবং এগুলির দেওয়াল গাত্র চিত্রিত করা হয়। এই চিত্রগুলি রেনেসাঁস যুগের ইওরোপের শ্রেষ্ঠ প্রাচীর চিত্রগুলির সমতুল্য।

**প্রশ্ন ৪৬** গুপ্তযুগের কয়েকটি ভাস্কর্যশিল্পের উল্লেখযোগ্য নিদর্শনের উল্লেখ করো।

উত্তর। গুপ্তযুগের কয়েকটি ভাস্কর্য শিল্পের উল্লেখযোগ্য নিদর্শন হলো— সাঁচির বোধিসত্ত্ব ও মথুরার ব্রাহ্ম নির্মিত বৌদ্ধমূর্তি, সারণাখের মঞ্জুশ্রী ও অবলোকিতেশ্বর।

**প্রশ্ন ৪৭** প্রাচীন সংজ্ঞা অনুসারে পুরাণগুলিতে কয়টি বিষয়ের বর্ণনার কথা বলা হয়েছে? সেগুলি কী কী?

উত্তর। প্রাচীন সংজ্ঞা অনুসারে পুরাণগুলিতে পাঁচটি বিষয়ের বর্ণনার কথা বলা হয়েছে। এগুলি হলো সর্গ, প্রতिसর্গ, বংশ, মন্বন্তর এবং বংশানুচরিত।

**প্রশ্ন ৪৮** মহাকবি কালিদাস কোন্ যুগের কবি? তাঁর লেখা কাব্যগ্রন্থের নাম লেখো।

উত্তর। মহাকবি কালিদাস গুপ্তযুগের কবি। তাঁর লেখা দুটি কাব্যগ্রন্থের নাম হলো 'অভিজ্ঞান শকুন্তলা' ও 'কুমারসম্ভব'।

**প্রশ্ন ৪৯** বরাহমিহির কে ছিলেন? তাঁর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

উত্তর। বরাহমিহির ছিলেন গুপ্তযুগের একজন জ্যোতির্বিজ্ঞানী। তাঁর লেখা গ্রন্থদুটির নাম হলো— "বৃহৎসংহিতা" ও "পঞ্চসিদ্ধান্তিকা"।

**প্রশ্ন ৫০** ধর্মন্তরী কে ছিলেন? তিনি বিখ্যাত কেন?

উত্তর। গুপ্তযুগের একজন বিখ্যাত চিকিৎসা বিজ্ঞানী ছিলেন ধর্মন্তরী। তিনি ভেষজ বিজ্ঞানের "নির্ঘণ্ট" রচনাকারী ছিলেন।

**প্রশ্ন ৫১** আর্যভট্ট কে ছিলেন? তিনি বিখ্যাত কেন?

উত্তর। আর্যভট্ট ছিলেন গুপ্তযুগের একজন বিখ্যাত জ্যোতির্বিজ্ঞানী। তিনি "সূর্যসিদ্ধান্ত" নামক গ্রন্থের রচয়িতা। তিনি আবিষ্কার করেছিলেন যে, পৃথিবী সূর্যের চারদিকে আবর্তিত হয়।

**প্রশ্ন ৫২** চরক কে ছিলেন? চরক সংহিতায় কী লেখা রয়েছে?

উত্তর। চরক ছিলেন একজন চিকিৎসাবিজ্ঞানী। চরকসংহিতায় শারীরবিদ্যা, ধাত্রীবিদ্যা ও প্রজননবিদ্যার ওপর আলোকপাত করা হয়েছিল।

**প্রশ্ন ৫৩** সুশ্রুত কে ছিলেন? সুশ্রুত সংহিতায় কী লেখা রয়েছে?

উত্তর। অনুমান করা হয় সুশ্রুত ছিলেন কুষাণ যুগের একজন বিখ্যাত চিকিৎসাবিজ্ঞানী। সুশ্রুত সংহিতায় ৮টি প্রধান ব্যাধি ও সেগুলির চিকিৎসার কথা বর্ণিত রয়েছে।

**প্রশ্ন ৫৪** ব্রহ্মগুপ্ত কে ছিলেন? তিনি বিখ্যাত কেন?

উত্তর। গুপ্তপরবর্তীযুগের বিখ্যাত গণিতবিদ ছিলেন ব্রহ্মগুপ্ত। "ব্রহ্মসিদ্ধান্ত" ও "খন্ডপাদ্য" নামক দুটি গ্রন্থে পাটিগণিত, বীজগণিত ও জ্যামিতিশাস্ত্রের বিভিন্ন দিক আলোচনা করেন।

**প্রশ্ন ৫৫** কালিদাস রচিত দুটি নাটকের নাম লেখো।

(ক. বি. ২০১০, ২০১২)

উত্তর। কালিদাস রচিত দুটি নাটক হলো—(১) 'মালবিকাগ্নিমিত্রম' ও (২) 'অভিজ্ঞান শকুন্তলা'।

**প্রশ্ন ৫৬** গুপ্তযুগে দুই জন বিখ্যাত গণিতজ্ঞের নাম লেখো।

(ক. বি. ২০১৫)

উত্তর। গুপ্তযুগে দুই জন বিখ্যাত গণিতজ্ঞের নাম হলো—(১) আর্যভট্ট এবং (২) ব্রহ্মগুপ্ত।